

Roger Platt, MD
Director
Office of School Health
49-51 Chambers Street
Room 600
New York, NY 10007

জুন ২০০৯

প্রিয় পিতামাতা/অভিভাবক:

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন আপনাদের ছেলেমেয়ের উপর প্রভাব রাখতে পারে, নিউ ইয়র্ক স্টেট-এর জনস্বাস্থ্য আইনের এমন রোগপ্রতিষেধক সংক্রান্ত বিধি সংশোধন সম্পর্কে আপনাকে অবহিত করতে এ বিজ্ঞপ্তিটি প্রদান করছে। ২০০৯ - ২০১০ স্কুলবর্ষে প্রি-কে থেকে ১০ম গ্রেডে ভর্তি হওয়া সকল শিক্ষার্থীকে অবশ্যই জলবসন্তের (ভারিসেলা) প্রতিষেধক নিতে হবে।

প্রি-কে থেকে ১০ম গ্রেডের শিক্ষার্থীদের ক্ষেত্রে ভারিসেলা টিকা দেয়ার নিয়ম হল তাদেরকে তাদের প্রথম জন্মবার্ষিকীতে এক (১) ডোজ ওষুধ দিতে হয়। যদিও এক (১) ডোজ ভ্যাকসিন দেয়ার নিয়ম তারপরও সব শিক্ষার্থীকে দুই (২) ডোজ ভারিসেলা টিকা নেয়ার পরামর্শ দেয়া হয়।

নিম্নলিখিত বিষয়সমূহ এই শর্ত থেকে মুক্ত:

- একজন অনুমোদিত স্বাস্থ্যকর্মীর কাছ থেকে এই মর্মে বিবৃতি যে, ইতোমধ্যে আপনার সন্তানের জলবসন্ত হয়েছে (ভারিসেলা)। রোগটিতে আক্রান্ত হওয়ার ব্যাপারে পিতামাতার বিবৃতি অনাক্রম্যতার প্রমাণ হিসেবে গৃহীত হবে।
- নিউ ইয়র্ক স্টেটের একজন অনুমোদিত চিকিৎসকের লিখিত বিবৃতির উপর ভিত্তি করে স্বাস্থ্যগত কারণে অব্যাহতি। এ লিখিত বিবৃতিতে আপনার সন্তান কেন জলবসন্তের প্রতিষেধক নিতে পারবে না, তার বৈধ স্বাস্থ্যগত কারণ অবশ্যই ব্যাখ্যা করতে হবে। এ অব্যাহতি নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য ও মানসিক পরিচ্ছন্নতা বিভাগ কর্তৃক নিরীক্ষণ এবং অনুমোদন সাপেক্ষ। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে, যদি কোন ছেলেমেয়ে স্বাস্থ্যগত কারণে অব্যাহতি লাভ করে এবং স্কুলে উপস্থিত কোন ছেলেমেয়েকে জলবসন্ত আক্রান্ত হিসেবে নির্ণীত করা হয়, তাহলে সে জলবসন্ত আক্রান্ত শিক্ষার্থী জলবসন্ত সংক্রমণমুক্ত না হওয়া পর্যন্ত পরবর্তী তিন সপ্তাহ স্কুলে আসতে পারবে না।
- শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক কর্তৃক ধর্মীয় কারণে অব্যাহতির জন্য এই মর্মে লিখিত অনুরোধ যে, তাদের ধর্মীয় বিশ্বাস, যাকে তারা আন্তরিক ও অকপট বলে মনে করে, সে ধর্ম অনুযায়ী ছেলেমেয়েদের প্রতিষেধক দেয়া বারণ। এ অব্যাহতি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর স্কুল স্বাস্থ্য বিভাগ কর্তৃক নিরীক্ষণ ও অনুমোদন সাপেক্ষ। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে, যদি কোন ছেলেমেয়েকে ধর্মীয় কারণে অব্যাহতি দেয়া হয় এবং স্কুলে উপস্থিত কোন ছেলেমেয়েকে জলবসন্ত আক্রান্ত হিসেবে নির্ণীত করা হয়, তাহলে সে জলবসন্ত আক্রান্ত শিক্ষার্থী জলবসন্ত সংক্রমণমুক্ত না হওয়া পর্যন্ত পরবর্তী তিন সপ্তাহ স্কুলে আসতে পারবে না।

যে শিক্ষার্থীরা এ সমস্ত কোন কারণে অব্যাহতি লাভের যোগ্য না হয় এবং জলবসন্তের প্রতিষেধক গ্রহণ না করে, তারা স্কুল থেকে বহিষ্কৃত হবে এবং এই শর্তসহ অন্যান্য প্রতিষেধক গ্রহণ সংক্রান্ত শর্ত প্রতিপালন না করা পর্যন্ত স্কুলে ফিরে আসার অনুমতি দেয়া হবে না। এ প্রতিষেধক ঔষধ সম্পর্কে আপনার কোন জিজ্ঞাসা থাকলে অনুগ্রহ করে আপনার চিকিৎসক অথবা আপনার সন্তানের স্কুল নার্সের সাথে যোগাযোগ করুন। এ ব্যাপারে আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

আপনার বিশ্বস্ত,

Roger Platt

রজার প্লাট, এম.ডি, পরিচালক